


মেয়েদের দৃষ্টি এখন কর্মমুখী শিক্ষার প্রতি



এক সময় পরিবারে মেয়েদের শিক্ষা গ্রহণের বিষয়ে চরম অনগ্রহ ছিল। সময়ের বিবর্তনে এ জাতীয় মানসিকতার পরিবর্তন ঘটেছে। এখনও অনেক অভিভাবকগণই মনে করেন মেয়েটি অমুক পাস এতটুকু হলতে পারলেই যথেষ্ট। কিন্তু মেয়েরা ব্যক্তিগতভাবে বিষয়টিতে অত্যন্ত সচেতন। তারা বাস্তবতার নিরিখে ভাবতে শিখেছে। তাই কোনমতে একটা পাস ছুটিয়ে নামমাত্র শিক্ষিত না হয়ে, তারা এখন এমবিএ-বিবিএ'র মত বাজার উপযোগী বিশেষায়িত বিষয়ে লেখাপড়া করে আলোকিত ক্যারিয়ার গড়ে তুলছেন।

উদাহরণস্বরূপ ইন্টারন্যাশনাল ইসলামিক বিশ্ববিদ্যালয়, চিটাগাং, ঢাকা ক্যাম্পাসের কথা বলা যায়। এক অনুষ্ঠানের সুবাদে ওখানে যেয়ে দেখা যায় এই বিশ্ববিদ্যালয়ে ছেলেদের তুলনায় মেয়েদের সংখ্যাই বেশি এবং এখানে রয়েছে ছেলে ও মেয়েদের পৃথক ক্যাম্পাস।

যা অন্য কোথাও নেই। এখানে মেয়েরা আত্মনির্ভরশীলতার প্রস্তুতি এবং জব মার্কেটে নিজের শক্ত অবস্থান গড়তে এমবিএ করছে। এ প্রসঙ্গে একজন চাকরিজীবী প্রাক্তন ছাত্রী, সৈয়দা

নাজিসা শাহনাজ বলেন, 'প্রফেশনালদের জন্য মানসিক যে জোর প্রয়োজন তা আমি পেরেছি এমবিএ ব্যাকগ্রাউন্ড থেকে। পেশাগত জীবনের ম্যাটুরিটি আনতে এটা আমাকে যথেষ্ট সাহায্য করেছে।' সাধারণ প্রাতিষ্ঠানিক মাস্টার্স ও এমবিএ'র পার্থক্য হলত এখানেই; একটা শুধুই থিওরি, অন্যটা বক্তব্য প্রয়োগ।

অভিভাবকগণও এখন বিষয়টিতে আস্থা প্রকাশ করছেন। এদিকে ছাত্রীরাও মনে করছেন আইআইইউসি'র যত্নদায়ক স্বাধীন পরিবেশে পড়াশোনাটা তাদের জন্য খুব দরকার।

দেশব্যাপী উন্নত উচ্চ শিক্ষা বাস্তবায়নের লক্ষ্যে বৃহত্তর চক্রমায়ে ১৯৯৫ সালে আত্মপ্রকাশ ঘটে এই বিশ্ববিদ্যালয়টির। শুরু থেকেই প্রতিষ্ঠানটি গণগতমানের শিক্ষা নিশ্চিত করার ফলে দ্রুত এর চাহিদা বাড়তে থাকে। চক্রমায়ে এদের একাধিক ভবন বিশিষ্ট স্থায়ী ক্যাম্পাসটি যেমনি দৃষ্টিনন্দন, তেমনি নির্মল পরিবেশবেষ্টিত। ফলে ঢাকাসহ দেশের বিভিন্ন জেলার শিক্ষার্থীরা ওখানে উর্ভর জন্য চাপ সৃষ্টি করে। তাই ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে ২০০০ সালের আনুমানিতে প্রতিষ্ঠা করা হয় আই.আই.ইউ.সি ঢাকা ক্যাম্পাস। ধানমন্ডিতে

১৪টি ভবনে চলেছে তাদের এই ক্যাম্পাসের কার্যক্রম। প্রতিষ্ঠানগ্ন থেকেই যুগের চাহিদার সাথে সঙ্গতি রেখে গুরুত্বপূর্ণ বিভিন্ন প্রোগ্রাম পরিচালিত হচ্ছে এখানে।

প্রোগ্রামসমূহ নিম্নরূপঃ

ব্যাচেলর অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (বিবিএ), মাস্টার্স অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ) বিএসসি ইন ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিকস ইঞ্জিনিয়ারিং (ইইই)

বিএ অনার্স ইন ইংলিশ ল্যাংগুয়েজ এন্ড লিটারেচার (ইএলএল)

ব্যাচেলর অব ল (এলএলবি)

বিএ অনার্স ইন এ্যারাবিক ল্যাংগুয়েজ এন্ড লিটারেচার (এএলএল)

বি.এস.সি.ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই)

ঢাকা ক্যাম্পাস প্রতিষ্ঠার পর থেকে এই স্বল্প সময়ের ব্যবধানে এখানে ৩৭৫০ জন ছাত্র-ছাত্রী অধ্যয়ন করছে। সশ্রুতি আন্তর্জাতিক চীন মৈত্রী সংঘলন কেন্দ্রে অনুষ্ঠিত হল এর বর্ণাঢ্য তৃতীয় সমাবর্তন।

-মহিলা অফিস রিপোর্টার